

৪.২

Report

সাত হাজার বেসরকারী স্কুল কলেজ মাদ্রাসাকে এমপিওভুক্ত করার দাবি

স্টাফ রিপোর্টার ৷ স্বীকৃতিপ্রাপ্ত দেশের প্রায় সাত হাজার বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসাকে এমপিওভুক্ত করার দাবি জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক কর্মচারী একা পরিষদ। একই সঙ্গে দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে শিক্ষক কর্মচারীদের মূল বেতনের ৫০ ভাগ মহার্ঘ ভাতা প্রদানের দাবি করেছে তারা।

বুধবার রাজধানীর নিজস্ব কার্যালয়ে এক সংবাদ সম্মেলন করে তারা এই দাবি জানায়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন অধ্যাপক ম. আখতারুজ্জামান। এ সময় উপস্থিত ছিলেন, অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকী, প্রদীপ চক্রবর্তী, অধ্যক্ষ শাহজাহান আলম সাজু, চৌধুরী খুরশীদ আলম, রঞ্জিত কুমার সাহা, অধ্যাপক এমএ বারী প্রমুখ।

সংবাদ সম্মেলন থেকে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের মতো বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান, মেডিক্যাল ভাতা পাঁচ শ, বাড়ি ভাড়া ৪৫ ভাগ, মাসিক বেতনের সমপরিমাণ বছরে দু'টি উৎসব ভাতা প্রদানের দাবি জানাচ্ছে তারা।

বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সংবাদ সম্মেলন রেজিস্টার্ডকৃত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি জাতীয়করণ এবং প্রায় চল্লিশ হাজার শিক্ষকের বেতন বৃদ্ধির জারিকৃত পরিপত্র বাতিলের দাবি জানিয়েছে মোহাম্মদ সামসুল আলম সমর্থিত বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি।